



৬ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে গতকাল জাতীয় প্রেসক্লাবে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি সংবাদ সম্মেলন করে - সংবাদ

## সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা দেয়ার দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা দেয়ার দাবি জানিয়েছেন শিক্ষকরা। প্রসঙ্গত বর্তমানে সরকারি প্রধান শিক্ষকরা তৃতীয় শ্রেণীর পদমর্যাদায় বেতন-ভাতা পান।

গতকাল সকালে জাতীয় প্রেসক্লাবের কনফারেন্স নির্মাণতানে এক সংবাদ সম্মেলনে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির নেতারা এ দাবি জানান। এতে বিবিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক সালেহা আক্তার। সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে সমিতির সভাপতি আবদুল আজিজ তালুকদার, সহসভাপতি সিদ্দিক হোসেন, জাহিদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

সালেহা আক্তার বলেন, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা এবং সহকারী শিক্ষকদের বেতন-ভাতা প্রধান শিক্ষকদের এক ধাপ নিচের কেস দিতে হবে।

শিক্ষকদের অন্যান্য দাবি হলো- প্রাথমিক শিক্ষাকে উচ্চশ্রেণী শব্দে অভিহিত করা। সহকারী শিক্ষক থেকে মেথডিস্টিক বিভাগীয় উচ্চপদে সততঃ পদোন্নতি; উপজেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাদের বেতন স্কেল ৪৫ থেকে এবং জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের বেতন স্কেল পঞ্চম থেকে উন্নীতকরণ, সব শিক্ষকের পদোন্নতির সুযোগ রেখে একটি পূর্ণাঙ্গ ও গ্রহণযোগ্য নিয়োগবিধি প্রণয়ন এবং প্রাথমিক শিক্ষা সম্পর্কিত নীতিনির্ধারণী সিদ্ধান্ত গ্রহণে সমিতির সাংগঠনিক প্রতিনিধিত্ব নিশ্চিত করা।

সালেহা আক্তার জানান, এসব দাবি আদায়ে ২১ জুন দেশের সব উপজেলায় শিক্ষক সমাবেশ, ২২-২৭ সেপ্টেম্বর জেলায় জেলায় সমাবেশ, ১২ জুলাই জেলা প্রশাসকদের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদান এবং ২৯ সেপ্টেম্বর ঢাকায় বিক্ষোভ সমাবেশ কর্মসূচি পালন করা হবে।